

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী-৭/৭এ, ব্লক-এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২১/১০৪

তারিখ : ১১ জুলাই, ২০২১

## সকল সম্মানিত সদস্যের জন্য


বিজিএমইএ-এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন কারখানার মালামাল আমদানী ও রপ্তানীর সময় ঢাকা-চট্টগ্রাম হাইওয়েতে এক শ্রেণীর সংঘবদ্ধ চক্র কাভার্ডভ্যান এর ড্রাইভারের সাথে যোগসাজসে তৈরী পোশাক/আমদানীকৃত ফেব্রিক্স চুরি করে নিয়ে যাচ্ছে। পরবর্তীতে ক্রেতার নিকট মালামাল পৌঁছানোর পর দেখা যাচ্ছে কার্টনে মালামাল কম। এই পরিস্থিতির আলোকে বিজিএমইএ উক্ত বিষয়ে সরকারের সাথে আলোচনা করে সমাধানের উদ্যোগ গ্রহণ করেছে।

এমতাবস্থায়, আপনার কারখানার আমদানী ও রপ্তানী পন্য পরিবহনে যদি এ ধরনের কোন সমস্যা হয়ে থাকে তার বিস্তারিত বিবরণ নিম্নের ছক অনুযায়ী আগামী ১৪ই জুলাই, ২০২১ তারিখের মধ্যে মেইল আইডি নং- [info@bgmea.com.bd](mailto:info@bgmea.com.bd) অথবা সরাসরি ঢাকার উত্তরাস্থ বিজিএমইএ এর কার্যালয়ে প্রেরণ করার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

‘ছক’

তারিখ	কারখানার নাম	চুরি হওয়া মালামালের পরিমাণ	মূল্য	মামলা/জি.ডি নং, থানার নাম ও তারিখ

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব, বিজিএমইএ।